



জাতীয় বিশ্ববিদ্যালয় এখন 'দ্রুতগামী আন্তঃনগর ট্রেন'

প্রকাশিত: ০৩ - মার্চ, ২০১৯ ১২:০০ এ. এম.

- আট বিভাগে আটটি ক্যাম্পাস করার তাগিদ দিলেন শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ॥ দেশের আট বিভাগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আটটি ক্যাম্পাস করার তাগিদ দিলেন শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি। একই সঙ্গে তিনি বলেছেন, শিক্ষার্থীদের পরীক্ষার জন্য আলাদা কেন্দ্র নির্মাণ করা হলে পাঠদান ব্যাহত হবে না। জাতীয় বিশ্ববিদ্যালয় সম্পর্কে আগে বলা হতো এটা মালটানা রেলগাড়ির মতো। কিন্তু এখন এটি সম্পর্কে বলা হয় দ্রুতগামী আন্তঃনগর ট্রেন। বিশ্ববিদ্যালয়টির এই অগ্রযাত্রা অব্যাহত থাকবে বলে আমি প্রত্যাশা করি।

শনিবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে 'কলেজ পারফরমেন্স র্যাংকিং ২০১৬ ও ২০১৭' এ্যাওয়ার্ড ও সনদ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশীদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মোঃ সোহরাব হোসাইন। রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন উপ-উপাচার্য ড. মশিউর রহমান।

শিক্ষামন্ত্রী বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় সারাবিশ্বে দ্বিতীয় বৃহত্তম বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সংখ্যা ২৮ লাখ। এই বিশ্ববিদ্যালয় সম্পর্কে আগে অনেক নেতিবাচক তথ্য আমরা জানতাম। কিন্তু বর্তমান উপাচার্যের নেতৃত্বে এই বিশ্ববিদ্যালয় আজকে ইতিবাচক ধারায় ফিরেছে। তবে এই বিশ্ববিদ্যালয়ের একাডেমিক বিষয়ে মৌলিক বই রচনা করতে হবে। এই বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোতে নোট-গাইডের বেশ প্রাধান্য। সেটি আমাদের রোধ করতে হবে। আমাদের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সারাবছর কোন না কোন পরীক্ষা থাকে। এতে পাঠদান ব্যাহত হয়। তাই শুধু পরীক্ষা কেন্দ্রের জন্য কেন্দ্র নির্মাণ করা যাতে পারে। যেখানে শুধু পরীক্ষাই হবে। অন্য কোন কিছু নয়।

তিনি আরও বলেন, পরীক্ষার কারণে পাঠদান অনেকখানি ব্যাহত হয়। এত ক্র্যাশ প্রোগ্রাম করা হয়েছে, সেশনজট কমানো হয়েছে কিন্তু আমাদের বছরব্যাপী যে পরীক্ষাগুলো হয়, এইচএসসি, ডিগ্রী, অনার্স ও মাস্টার্স পরীক্ষাই চলতে থাকে। সেই পরীক্ষার কারণে কিন্তু পাঠদান অনেকখানি বিঘ্নিত হয়। এটি অন্যান্য স্তরের জন্যও অনেকখানি প্রয়োজ্য। তবে এই ক্ষেত্রে (জাতীয় বিশ্ববিদ্যালয়) অনেক বেশি প্রয়োজ্য। কারণ এদের পরীক্ষা অনেক বেশি, বছরব্যাপী। মাধ্যমিকে যেমন শুধু নির্দিষ্ট একটা মাস বা দেড় মাস পরীক্ষা থাকে। কিন্তু অন্যদের বছরব্যাপী।

ডাঃ দীপু মনি বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন যেসব কলেজ আছে সেসব কলেজের শিক্ষার্থীরা যেন বিশ্ববিদ্যালয় মানের শিক্ষা লাভ করতে পারে সেই উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে প্রত্যেকটি বিভাগে জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস করা যায় কি না সেটা নিয়েও পদক্ষেপ নেয়া যেতে পারে। এর ফলে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় মানের শিক্ষা লাভ করতে পারবে।

শিক্ষকদের শুধু চাকরির মানসিকতা নিয়ে পাঠদান করলে হবে না মন্তব্য করে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকদের দায়িত্ব নিয়ে পাঠদান করতে হবে। শুধু চাকরি হিসেবে কাজ করলে হবে না। বর্তমান সময় তথ্যপ্রযুক্তির যুগ। শিক্ষার্থীদের তথ্যপ্রযুক্তি সহায়তাও শিক্ষা দান করা যায়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষার সুযোগ বৃদ্ধি করার জন্য প্রতিটি জেলায় বিশ্ববিদ্যালয়ের কথা বলেছেন।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিব মোঃ সোহরাব হোসাইন বলেন, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে দেখতে চাই। এমন একটা সময় আসুক আমরা যেন প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সর্বোচ্চ মার্কেটিংয়ের মধ্যে দেখতে পাই। ২০২১ এবং ২০৪১ সালের লক্ষ্য অর্জনের জন্য মূল কাজ শিক্ষার উন্নয়ন। সেজন্য প্রতিষ্ঠানকে লক্ষ্য অর্জন করতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. হারুন অর রশীদ বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল্য চ্যালেঞ্জ ছিল সেশনজট নির্মূল করা, ক্র্যাশ প্রোগ্রামের মাধ্যমে সেই সেশনজট দূর করা হয়েছে। বর্তমানে একাডেমি ক্যালেন্ডার প্রণয়ন করা হচ্ছে। সেখানে সারাবছরের ভর্তি, পরীক্ষা, ফল

প্রকাশসহ একাডেমিক সকল কার্যক্রমের অগ্রীম দিন-তারিখ ঘোষণা করা হচ্ছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতুক গ্লোব জনকর্ষ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্ষ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্ষ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright © All rights reserved by dailyjanakantha.com

